দৈনিক ইনকিলাব

তারিখ 02 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

৩২

# ডঃ এমাজউদ্দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের নয়া ভারপ্রাপ্ত ভিসি

॥ স্টাফ রিপোর্টার ॥

সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ এম, মনিরুজ্জামান মিঞাকে সেনেগালে বাংলাদেশের রাষ্ট্রদূত নিযুক্ত করেছেন। এদিকে, বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও প্রেসিডেন্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি ডঃ এমাজ উদ্দিন আহমদকে

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ডঃ এমাজ উদ্দিন

প্রথম পৃষ্ঠার পর

ভারপ্রাপ্ত ভিসি হিসেবে নিয়োগ করেছেন। প্রফেসর এমাজ উদ্দিন আহমদ গতকাল বিকেলে ভিসি হিসেবে তাঁর দায়িত্বভার গ্রহণ করেছেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি, ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডীন, শিক্ষক ও অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

নতুন ভিসি প্রফেসর এমাজ উদ্দিন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৫৪ সনে রাষ্ট্র বিজ্ঞানে এবং ১৯৬১ সনে ইংরেজীতে এমএ পাস করেন। তিনি ১৯৭৭ সনে কানাডার কুইনস্ বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্র বিজ্ঞানে পি-এইচ-ডি ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৫৭ সনে রাষ্ট্র বিজ্ঞানের প্রভাষক হিসেবে বাগেরহাট পিসি কলেজে শিক্ষকতা শুরু করেন। এরপর তিনি নীলফামারী কলেজ, রংপুর কলেজ ও চুয়াডাঙ্গা কলেজে প্রিন্সিপাল হিসেবে কাজ করেন। ১৯৭০ সনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগে সিনিয়র লেকচারার হিসেবে যোগদান করেন।

প্রফেসর এমাজ উদ্দিন আহমদ দীর্ঘ শিক্ষকতা জীবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে দায়িত্ব পালন করেছেন। বিভাগীয় চেয়ারম্যানের পদ থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, হলের প্রভোস্ট, সিনেট সিণ্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য ও প্রো-ভিসি হিসেবে দায়িত্ব পালন করেন।